

রাজনীতি

মন্ত্রীদের বেতন বাড়ানোর উদ্যোগ নিয়ে বিরোধীদের সমালোচনা বিভ্রান্তিকর: রিজভী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ২৫ সেপ্টেম্বর ২০২৬, ১০:৫২ PM



মন্ত্রীদের বেতন বাড়ানোর উদ্যোগ নিয়ে বিরোধীদের সমালোচনা বিভ্রান্তিকর বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। শুক্রবার নয়াপল্টনে আওয়ামী লীগের সন্ত্রাসী বাহিনীর নৈরাজ্যের প্রতিবাদে যুবদল, ছাত্রদল ও স্বৈচ্ছাসেবক দলের বিক্ষোভ সমাবেশে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, দেশের মানুষের অধিকার লঙ্ঘন করে কোনো সিদ্ধান্ত নেওয়া হবে না। তিনি দাবি করেন, শুধু একটি উদ্যোগ নেওয়া হয়েছে, এখনো বেতন বাড়ানো হয়নি।

বিরোধীরা কোনো ইস্যু না পেয়ে আগাম সমালোচনা করছে বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে বিভিন্ন বক্তব্য দিয়ে পরাজিত শক্তিকে আশঙ্কায় না দেওয়ার জন্য বিরোধীদের প্রতি আহ্বান জানান তিনি। মন্ত্রীদের বেতন বাড়ানোর উদ্যোগ নিয়ে বিরোধীদের সমালোচনা বিভ্রান্তিকর বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। শুক্রবার নয়াপল্টনে আওয়ামী লীগের সন্ত্রাসী বাহিনীর নৈরাজ্যের প্রতিবাদে যুবদল, ছাত্রদল ও স্বৈচ্ছাসেবক দলের বিক্ষোভ সমাবেশে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, দেশের মানুষের অধিকার লঙ্ঘন করে কোনো সিদ্ধান্ত নেওয়া হবে না। তিনি দাবি করেন, শুধু একটি উদ্যোগ নেওয়া হয়েছে, এখনো বেতন বাড়ানো হয়নি।

বিরোধীরা কোনো ইস্যু না পেয়ে আগাম সমালোচনা করছে বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে বিভিন্ন বক্তব্য দিয়ে পরাজিত শক্তিকে আশকারা না দেওয়ার জন্য বিরোধীদের প্রতি আহ্বান জানান তিনি।

জাতিসংঘ সাধারণ পরিষদে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেওয়া বক্তব্যের প্রশংসা করে রিজভী বলেন, তিনি সারাবিশ্বের নিপীড়িত, শান্তিকামী ও গণতন্ত্রকামী মানুষের কথা তুলে ধরেছেন। তার বক্তব্যকে বিএনপি পূর্ণ সমর্থন জানায়।

রিজভী আরও বলেন, দেশের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে প্রধানমন্ত্রী তারেক রহমান কাজ করছেন এবং বিরোধী দলের অপপ্রচারের মধ্যেও গণতন্ত্রের চর্চা অব্যাহত রেখেছেন।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
গুণু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/mntrider-betn-baranor-udjog-niye-birodhidler-smalochna-bibhrantikr-rijphi>